১৫।

# দৈনিক সংবাদ

তারিখ 20 APR 1998
পৃষ্ঠা ১ কলাম ৪

## চট্টগ্রামে পরীক্ষা হচ্ছে ফাঁস হওয়া প্রশ্ন দিয়েই

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম ঃ চট্টগ্রামে এসএসসি পরীক্ষার ফাঁস হয়ে যাওয়া প্রশ্নপত্রেই পরীক্ষা চলছে। গত শনিবার ফাঁস হওয়া প্রশ্নপত্রের মাধ্যমে গতকাল রোববার বাংলা প্রথমপত্রের পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। তবে কোন কোন কেন্দ্রে ক' সেট– খ সেট পরিবর্তন করে পরীক্ষা অনুষ্ঠিত হয় ফাঁস প্রশ্নপত্র এড়ানোর জন্য। কিন্তু কাজের কাজ কিছুই হয়নি। আগে দু'টি সেটের প্রশ্নপত্রই ফাঁস

চট্টগ্রাম ঃ পৃঃ ১১ কঃ ১

### চট্টগ্রাম ঃ পরীক্ষা হচ্ছে

(১ম পৃষ্ঠার পর)

হয়ে যায়।

সরকারি একটি গোয়েন্দা সূত্র জানায় বাংলা দ্বিতীয়পত্রসহ ইতোমধ্যে অংক ও ভূগোলের প্রশ্নপত্রও ফাঁস হয়ে গেছে। চট্টগ্রাম মহানগরসহ জেলার বিভিন্ন স্থানে ফাঁস হওয়া প্রশ্নপত্রের ফটোকপি ১ হাজার টাকা করে বিক্রি হচ্ছে। বিশেষ করে মিরসরাই থানা এলাকায় খোলামেলাভাবে প্রশ্নপত্র বিক্রি হচ্ছে।

প্রশ্নপত্র ফাঁসের বিষয়টি নিয়ে চট্টগ্রামের লোকজনের মধ্যে দু'ধরনের প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছে। যেসব পরীক্ষার্থীর অভিভাবক ও আত্মীয়স্বজন ফাঁস প্রশ্নপত্র সংগ্রহ করতে পেরেছেন তারা খুশিতে আটখানা। অন্যরা এ ব্যাপারে তীব্র ক্ষোভ প্রকাশ করছেন। আর মেধাবী মুখ ও তার অভিভাবকরা শিক্ষার্থীর ভবিষ্যৎ নিয়ে হতাশায় পড়েছেন।

এ ব্যাপারে চট্টগ্রাম শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ শিক্ষামন্ত্রী এবং সচিবের কাছে তাদের করণীয় বিষয় কি জানানোর আবেদন জানিয়ে পত্র পাঠালেও উত্তর পাওয়া যায়নি।